



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

শর্ট কোর্স শাখা, কারিকুলাম বিভাগ

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

www.bteb.gov.bd

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০৪.৩৪.০১৩.২৪.১০২

তারিখ: ০৪ নভেম্বর ২০২৪ খ্রি.

জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) কোর্সে

ভর্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে অনুমোদনপ্রাপ্ত জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা মেয়াদি) শিক্ষাক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠানে জানুয়ারী-জুন, জানুয়ারী-মার্চ ও এপ্রিল-জুন ২০২৫ সেশনে প্রশিক্ষণার্থী ভর্তির জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে ভর্তি সংক্রান্ত কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০১. শিক্ষাক্রম পরিচিতি:

- ১.১ ২০২৫ সালের “জানুয়ারী-জুন”, “জানুয়ারী-মার্চ” ও “এপ্রিল-জুন” এ তিন সেশনে জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা মেয়াদি) কোর্স পরিচালিত হবে। প্রথম দুইটি সেশনের ক্লাশ শুরু হবে ০১ জানুয়ারী ২০২৫ খ্রি. রোজ বুধবার থেকে এবং তৃতীয় সেশনটির ক্লাশ শুরু হবে ৩ এপ্রিল ২০২৫ খ্রি. রোজ বৃহস্পতিবার থেকে।
- ১.২ ৩ মাস ও ৬ মাস উভয় সেশনেই মোট ৩৬০ ঘন্টা ক্লাস অনুষ্ঠিত হবে। সংযুক্ত নমুনা রুটিন মোতাবেক ক্লাস রুটিন প্রণয়ন করে যথাযথভাবে ক্লাস পরিচালনা করতে হবে এবং উক্ত রুটিনের এক কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর ই-মেইলে প্রেরণ করতে হবে।
- ১.৩ ৩৬০ ঘন্টার মধ্যে ৬০ ঘন্টার ক্লাস কমিউনিকেশন ইংলিশ এর জন্য নির্ধারিত থাকবে। মোট ৫০০ নম্বরে মূল্যায়ন হবে, যার মধ্যে তাত্ত্বিক ও ব্যবহারিকের অনুপাত হবে ১:৪।
 - ১.৩.১ তাত্ত্বিক ধারাবাহিকের মধ্যে ১০ নম্বর ইংরেজি ও ৩০ নম্বর সংশ্লিষ্ট ট্রেড এবং চূড়ান্ত পরীক্ষায় ৫০ নম্বর ট্রেডের জন্য ও ১০ নম্বর ইংরেজীর জন্য নির্ধারিত থাকবে।
 - ১.৩.২ ব্যবহারিক ৪০০ নম্বরের মধ্যে ১০০ নম্বর টিউটোরিয়াল, ১০০ নম্বর জব অ্যাসাইনমেন্ট ও ২০০ নম্বরের চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- ১.৪ জানুয়ারী-মার্চ সেশনের চূড়ান্ত পরীক্ষা শুরু হওয়ার সম্ভাব্য তারিখ এপ্রিল মাসের প্রথম শুক্রবার/শনিবার এবং এপ্রিল-জুন ও জানুয়ারী-জুন সেশন দুইটির পরীক্ষা শুরু হওয়ার সম্ভাব্য তারিখ জুলাই মাসের প্রথম শুক্রবার/শনিবার।

০২. ভর্তি সংক্রান্ত তথ্য:

- ২.১ প্রতি ট্রেডে আসন সংখ্যা ৫০ (পঞ্চাশ) জন, যার মধ্যে মূল আসন ৪০ (চল্লিশ) জন এবং ড্রপআউট ১০ (দশ) জন।
- ২.২ কোন অনুমোদিত বিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে ন্যূনতম অষ্টম শ্রেণি/জেএসসি/জেডিসি পরীক্ষায় পাশকৃত ছাত্র-ছাত্রীরা জাতীয় দক্ষতামান বেসিক শিক্ষাক্রমে ভর্তি হতে পারবে। তবে বিশেষ ক্ষেত্রে কোর্সের চাহিদার ভিত্তিতে এসএসসি বা সমমান বা তদুর্ধ্ব পাশকৃত ছাত্র/ছাত্রীরাও ভর্তির যোগ্য হবে।
- ২.৩ ভর্তি সংক্রান্ত তথ্য, চলমান ট্রেডের নাম ও বোর্ড অনুমোদিত প্রতিষ্ঠানের তালিকা বোর্ডের ওয়েবসাইটে দেখা যাবে।

লিংক: ০১. www.bteb.gov.bd ⇨ প্রতিষ্ঠানের তালিকা ⇨ জাতীয় দক্ষতামান বেসিক অথবা,

০২. www.bteb.gov.bd ⇨ স্বল্পমেয়াদি কোর্স প্রতিষ্ঠানসমূহ ⇨ জাতীয় দক্ষতামান বেসিক ৩৬০ ঘন্টা কোর্স স্ব-উদ্যোগে পরিচালিত প্রতিষ্ঠানসমূহের তালিকা
- ২.৪ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অফিসে যোগাযোগ করে ভর্তি বিষয়ে বিস্তারিত তথ্য জানা যাবে।
- ২.৫ ক্লাস রুটিন (সংযুক্ত নমুনা রুটিন অনুযায়ী) ভর্তির ৭ দিনের মধ্যে বোর্ডে প্রেরণ করতে হবে এবং ৬ মাসের কোর্স ও ৩ মাসের কোর্সের পৃথক ক্লাস রুটিন (প্রয়োজ্য ক্ষেত্রে) থাকতে হবে।
- ২.৬ ক্লাস রুটিনে শিক্ষকদের নাম, মোবাইল নম্বর, শ্রেণি কক্ষ নম্বর, ল্যাবের নাম ও শিক্ষার্থীর সেকশন উল্লেখ করতে হবে।

০৩. ভর্তি ও ডাটা এন্ট্রি:

৩.১ ভর্তি ও প্রশিক্ষার্থীদের ডাটা এন্ট্রির সময়সূচী নিম্নরূপ:

সেশনের নাম	ভর্তির তারিখ	প্রশিক্ষার্থীদের তথ্য এন্ট্রির সময়	রেজিস্ট্রেশনের সময়
জানুয়ারী-জুন, ২০২৫ খ্রি.	০১/০১/২০২৫ খ্রি. এর পূর্বে	৩১ জানুয়ারি ২০২৫ খ্রি. এর মধ্যে	০১ -২৭ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি.
জানুয়ারী-মার্চ, ২০২৫ খ্রি.	০১/০১/২০২৫ খ্রি. এর পূর্বে	১৫ জানুয়ারি ২০২৫ খ্রি. এর মধ্যে	১৬-৩১ জানুয়ারি, ২০২৫ খ্রি.
এপ্রিল-জুন, ২০২৫ খ্রি.	২৭/০৩/২০২৫ খ্রি. এর পূর্বে	১৫ এপ্রিল ২০২৫ খ্রি. এর মধ্যে	১৫-৩০ এপ্রিল ২০২৫ খ্রি.

বিঃদ্র: বিশেষ পরিস্থিতি ব্যতিরেকে ভর্তি ও ডাটা এন্ট্রির সময় বৃদ্ধি করা হবে না।

৩.২ ই-সেবা প্ল্যাটফর্ম (bteb.gov.bd ⇨ ই-সেবা / bteberp.com) এর মাধ্যমে প্রতিষ্ঠানসমূহকে রেজিস্ট্রেশনসহ সকল কার্যক্রম সম্পাদন করতে হবে।

৩.৩ রেজিস্ট্রেশন করার জন্য এ্যাফিলিয়েশন ফি হালনাগাদ পরিশোধ থাকতে হবে।

৩.৪ প্রশিক্ষার্থীগণের রেজিস্ট্রেশনের মেয়াদ সেশন অনুযায়ী একটি চূড়ান্ত পরীক্ষা পর্যন্ত বলবৎ থাকবে। কোনো প্রশিক্ষার্থী পরীক্ষায় অকৃতকার্য হলে এবং পুনরায় ভর্তি হতে চাইলে তাকে পুনরায় রেজিস্ট্রেশন করতে হবে।

(প্রকৌশলী মোঃ আনোয়ারুল কবীর)

পরিচালক (কারিকুলাম)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন নম্বর: ০২-৫৫০০৬৫২৩

ইমেইল: bteb.director@gmail.com

পরিচালক/অধ্যক্ষ

জাতীয় দক্ষতামান বেসিক সার্টিফিকেট কোর্স (৩৬০ ঘন্টা মেয়াদী)

শিক্ষাক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠানসমূহ

স্মারক নং: ৫৭.১৭.০০০০.২০৪.৩৪.০১৩.২৪.১০২

তারিখ: ০৪ নভেম্বর ২০২৪ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। অতিরিক্ত সচিব, (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। উপসচিব, (কারিগরি-৩), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)
- ৭। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (শর্ট কোর্স), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১১। সংরক্ষণ নথি।

(মোঃ মাছুম বিল্লাল সরদার)

কারিকুলাম বিশেষজ্ঞ (অঃ দাঃ)

মোবঃ ০১৩২২৮৩০১০০

মেইল: shortcourse128.bteb@gmail.com

নমুনা ক্লাস রুটিন

ক্লাস রুটিন (০৬ মাস মেয়াদি)


দিবস	তত্ত্বীয় (ট্রেড) ক্লাস	ব্যাবহারিক ক্লাস	কমিউনিকেটিভ ইংলিশ	মোট ক্লাস (ঘন্টা)
দিবস-১	১	২	০	৩
দিবস-২	০	২	১	৩
দিবস-৩	১	২	০	৩
দিবস-৪	০	২	১	৩
দিবস-৫	১	২	০	৩
মোট	৩	১০	২	১৫


ক্লাস রুটিন (০৩ মাস মেয়াদি)

দিবস	তত্ত্বীয় (ট্রেড) ক্লাস	ব্যাবহারিক ক্লাস	কমিউনিকেটিভ ইংলিশ	মোট ক্লাস (ঘন্টা)
দিবস-১	২	৩	১	৬
দিবস-২	১	৪	১	৬
দিবস-৩	১	৪	১	৬
দিবস-৪	১	৩	২	৬
দিবস-৫	১	৪	১	৬
মোট	৬	১৮	৬	৩০

বিশেষ দৃষ্টব্য:

- প্রতি সেশনে সপ্তাহে ৫ (পাঁচ) দিন ক্লাস অনুষ্ঠিত হবে এবং প্রতিদিন ৬ ঘন্টা করে প্রতি সপ্তাহে ন্যূনতম ৩০ ঘন্টা ক্লাস অনুষ্ঠিত হবে (০৩ মাসের জন্য)
- প্রতি সেশনে সপ্তাহে ৫ (পাঁচ) দিন ক্লাস অনুষ্ঠিত হবে এবং প্রতিদিন ৩ ঘন্টা করে প্রতি সপ্তাহে ন্যূনতম ১৫ ঘন্টা ক্লাস অনুষ্ঠিত হবে (০৬ মাসের জন্য)
- জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা মেয়াদি) শিক্ষাক্রমে পরীক্ষার সময় পরীক্ষার কেন্দ্র/ভেনুতে (যে প্রতিষ্ঠানে পরীক্ষা অনুষ্ঠিত হয়) পরীক্ষার দিন ব্যতীত অন্যান্য দিন (প্রয়োজনে সাপ্তাহিক ছুটির দিনসহ; তবে জাতীয় দিবসসমূহ ব্যতীত) যথারীতি শ্রেণি কার্যক্রম চালু থাকবে।
- প্রত্যেক প্রতিষ্ঠানে মডেল সেশন পাঠ পরিকল্পনা অনুযায়ী পৃথক ক্লাস রুটিন তৈরি করে ক্লাস পরিচালনা করতে হবে এবং ক্লাস শুরুর ৭ দিনের মধ্যে তা বোর্ডে প্রেরণ করতে হবে।
- প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের জন্য সুপেয় পানি, স্বাস্থ্যবিধি এবং পরিষ্কার পরিচ্ছন্ন টয়লেট (ছাত্রীদের জন্য পৃথক টয়লেট) এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।


 (মোঃ মাহুম বিজ্ঞান সল্লাহার)
 সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
 ও কারিকুলাম বিশেষজ্ঞ (অতিরিক্ত দায়িত্ব)
 বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
 আগারগাঁও, ঢাকা-১২০৭।


 প্রকৌশলী মোঃ আনোয়ারুল কবীর
 পরিচালক (কারিকুলাম)
 বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
 আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।